দৈনিক সংবাদ

তারিখ 25 JUN 1993
পৃষ্ঠা ... কলাম ...

আবু হুরায়রা কল্যাণ ট্রাস্টের বৃত্তি

# দিরাই থানার শিক্ষাঙ্গনে ব্যাপক সাড়া জাগিয়েছে

সিলেট, ২৪শে জুন (জেলা বার্তা পরিবেশক)।– আবু হুরায়রা কল্যাণ ট্রাস্টের বৃত্তি (জুনিয়র) পরীক্ষা ভাটি এলাকা বলে পরিচিত, সুনামগঞ্জের দিরাই থানার শিক্ষাঙ্গনে ব্যাপক সাড়া জাগিয়েছে।

কানাডা প্রবাসী আবু হুরায়রা কল্যাণ ট্রাস্টের জন্য অর্থ দিয়েছেন। এর থেকে বার্ষিক যে ব্যাংক সুদ আসবে তা একটি পরীক্ষা অনুষ্ঠানের মাধ্যমে মেধা অনুসারে থানার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ১৫ জন ছাত্রছাত্রীকে এককালীন বৃত্তি প্রদান করা হবে। থানা নির্বাহী কর্মকর্তাকে সভাপতি এবং দিরাই মহাবিদ্যালয়ের অধ্যক্ষকে সম্পাদক করে এজন্য একটি নির্বাহী পরিষদও গঠন করা হয়েছে।

১৪০০ সালের প্রথম দিন আবু হুরায়রা কল্যাণ ট্রাস্টের প্রথম বৃত্তি বিতরণ করা হয়। এ উপলক্ষে দিরাই থানা মিলনায়তনে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। প্রসঙ্গত উল্লেখ্য, এর সপ্তাহখানেক আগে পরীক্ষা নেয়া হয়। দিরাই থানা নির্বাহী কর্মকর্তা ও কল্যাণ ট্রাস্টের বর্তমান সভাপতি ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৃত্তি বিতরণী অনুষ্ঠানে অতিথি প্রবাসী আবু হুরায়রা ছাড়াও অধ্যক্ষ আব্দুল হান্নান চৌধুরী, পরীক্ষা নিয়ন্ত্রক সত্যব্রত চৌধুরী, মুক্তিযোদ্ধা চাঁন মিয়া, 'সংবাদ'-এর জেলা বার্তা পরিবেশক আল-আজাদ, শিক্ষা কর্মকর্তা শরদিন্দু দাস, অধ্যাপক মিহির রঞ্জন দাস, অধ্যাপক এ,এইচ,এম ফারুক, পুলিশ কর্মকর্তা স্বপন কুমার দেবনাথ, প্রধান শিক্ষক রাকেশ রঞ্জন তালুকদার, অভিভাবক চিত্তরঞ্জন দাস, ব্র্যাক ব্যবস্থাপক আশিকুর রহমান, বাসদ (মাহবুব) নেতা রহমান মিজান প্রমুখ বক্তব্য রাখেন। পরে বাউল শাহ আব্দুল করিম, মোঃ শফিকুন্নূর, আব্দুল হামিদ, শাহ আলীনূর, রণেশ ঠাকুর, নিশিকান্ত দাস, লিটন মিয়া প্রমুখের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। অধ্যাপক ওমর ফারুক পুরো অনুষ্ঠান উপস্থাপনা করেন।